# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 APRIL 2025** **7:45—7:55 PM IST**

=========================================================

(১) রাজ্যে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আগামীকাল হচ্ছে মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন/সব জেলা প্রশাসনের নির্বাচনী প্রস্তুতি জোরদার/

(২) গুয়াহাটিতে নির্মিয়মান প্রাগজ্যোতিষপুর মেডিকেল কলেজের নির্মাণ কাজ আগামী ১৫ই আগস্টের মধ্যে সম্পূর্ণ হওয়ার সম্ভাবনা/

(৩) আসাম-মিজোরাম সীমা বিবাদ নিষ্পত্তির জন্য আগামী ২৫শে এপ্রিল গুয়াহাটিতে উভয় রাজ্যের আধিকারিক পর্যায়ের বৈঠক/

এবং

(৪) গত ২৪ ঘন্টায় কাছাড় জেলার আসাম-মণিপুর সীমান্ত সংলগ্ন জিরিবাম জেলা সহ মণিপুরের ছ'টি জেলায় অভিযান চালিয়ে মণিপুর পুলিশের ১৪ জন উগ্রপন্থীকে গ্রেপ্তার/

---

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের আগামীকাল হচ্ছে শেষ দিন । আগামীকাল বিকেল তিনটা পর্যন্ত মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে । এরপরই নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ।

রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন জেলায় অস্ত্রশস্ত্রের অনুজ্ঞা পত্র থাকা লোকেদের তাদের অস্ত্রসমূহ জমা দেবার নির্দেশ দেওয়া হয়েছে । অনুজ্ঞা পত্র থাকা অস্ত্রগুলি পঞ্চায়েত নির্বাচনের ফলাফল ঘোষণার সাতদিন পর সংশ্লিষ্ট ব্যক্তিদের আবার ফিরিয়ে দেওয়া হবে ।

এদিকে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন স্থানে রাজনৈতিক কুচকাওয়াজ শুরু হয়ে গেছে । প্রার্থীরা নিজেদের সমর্থনে প্রচার অভিযানও আরম্ভ করেছেন । সব জেলা প্রশাসন নির্বাচন সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি আরম্ভ করেছে । জেলা আয়ুক্তগণ ভিন্ন ভিন্ন স্থানে স্ট্রং রুম ও গণনা কক্ষের স্থান পরিদর্শন করা ছাড়াও নির্বাচন সংক্রান্ত অন্যান্য কাজকর্মের ব্যবস্থা করছেন । উল্লেখ্য- আগামী দোসরা এবং সাতই মে রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । এদিকে এবারের পঞ্চায়েত নির্বাচনে বেশকয়েকজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছেন । কামরূপ নির্বাচনী জেলার অর্ন্তগত ২৪টি জেলাপরিষদ আসনের মধ্যে তিনটিতে, ১৩৯ টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য আসনের মধ্যে ২৫টিতে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছেন । গোলাঘাট জেলার দক্ষিণ আঞ্চলিক পঞ্চায়েতের বিজেপি-অগপ মিত্রজোটের সাতজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় জয়ী হয়েছেন । সরুপাথার সম-জেলার মোট ২১টি গ্রাম পঞ্চায়েত থেকে ২১০টি ওয়ার্ড মেম্বার আসনের মধ্যে ২৫টি আসনের ওয়ার্ড মেম্বাররা বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ গৌহাটীর বিরুবারীতে নির্মীয়মান প্রাগজ্যোতিষপুর চিকিৎসা মহাবিদ্যালয়ের নির্মান কাজ পরিদর্শন করে চিকিৎসা মহাবিদ্যালটির নির্মাণকাজ আগামী ১৫ আগষ্টের মধ্যে সম্পূর্ন হবে বলে জানান ।তিনি বলেন যে মহাবিদ্যালয়টির নির্মান কাজ ৮০ শতাংশ সম্পূর্ন হয়েছে ও বহি:বিভাগের সেবা প্রদান করা হচ্ছে ।মুখ্যমন্ত্রী বলেন

বাইট

---------------------------------------------------------------------------------------------

ওয়াক্ফ সংশোধনী আইনের বিরোধিতা করে এর প্রতিবাদে গত রবিবার শিলচরের বেরেঙ্গায় আয়োজিত বিক্ষোভ কার্যসূচীকে কেন্দ্র করে সংঘটিত অপ্রীতিকর ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ গতরাত্রে সাতজনকে আটক করেছে । কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা একথা জানিয়ে বলেছেন যে- এই ঘটনার পরিপ্রেক্ষিতে মামলা দায়ের করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- গতরাত্রে শিলচর পুলিশ থানার অর্ন্তগত ভাগাডহর এবং কাশিপুর এলাকায় অভিযান চালিয়ে কাছাড় পুলিশ এই ঘটনায় জড়িত সন্দেহে প্রাথমিকভাবে সাতজনকে গ্রেপ্তার করেছে । এবং তাদের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে । সেদিনের ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে বলে পুলিশ সুপার শ্রী মাহাত্তা জানিয়েছেন ।

---

ওয়াক্‌ফ সংশোধনী আইনের বিরোধিতা করে এর প্রতিবাদে গত রবিবার শিলচরের বেরেঙ্গায় আয়োজিত বিক্ষোভ কার্যসূচীকে কেন্দ্র করে সংঘটিত অপ্রীতিকর ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ গতরাত্রে সাতজনকে আটক করেছে । কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা একথা জানিয়ে বলেছেন যে- এই ঘটনার পরিপ্রেক্ষিতে মামলা দায়ের করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- গতরাত্রে শিলচর পুলিশ থানার অর্ন্তগত ভাগাডহর এবং কাশিপুর এলাকায় অভিযান চালিয়ে কাছাড় পুলিশ এই ঘটনায় জড়িত সন্দেহে সাতজনকে গ্রেপ্তার করেছে । এবং তাদের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে । সেদিনের ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে বলে পুলিশ সুপার শ্রী মাহাত্তা জানিয়েছেন ।

বাইট----

উল্লেখ্য- গত রবিবার ওয়াক্‌ফ সংশোধনী আইনের বিরোধিতা করে বেরেঙ্গায় এক মিছিল বের করার সময়ে পুলিশ বিনা অনুমতিতে মিছিল করার অভিযোগে আন্দোলনকারীদের বাধা দেয়। তখন আন্দোলনকারীরা পুলিশকে লক্ষ্য করে পাথর ছুঁড়তে আরম্ভ করে । এই সময়ে সেখানে অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয় বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চল 'নেইবারহুড ফার্স্ট- এ্যাক্ট ইস্ট' এবং বিমস্টেক'এর মতো নীতি সমূহের ক্ষেত্রে দেশের কেন্দ্র স্বরূপ এবং ভবিষ্যতে এই অঞ্চলের প্রাসঙ্গিকতা বৃদ্ধি পাবে বলে  বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর জানিয়েছেন । কেন্দ্রীয় ডোনার মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত আসন্ন উত্তর-পূর্ব বিনিয়োগকারী সম্মেলন-২০২৫ সম্পর্কে গতকাল অনুষ্ঠিত রাষ্ট্রদূতদের এক বৈঠকে ভাষণ প্রসঙ্গে শ্রী জয়শঙ্কর একথা বলেন। তিনি এই সম্মেলনের মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলের বৈশিষ্ট সমূহের অন্বেষণ করতে এবং নিজ নিজ উদ্যোগের প্রসার  করার আহ্বান জানিয়েছেন ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত অনুর্ধ-১৫ আন্ত:স্কুল ক্রিকেট প্রতিযোগীতার আজ প্রথম ম্যাচে ওয়াক ওভার পেয়ে প্রণবানন্দ হলি চাইল্ড স্কুল বিজয়ী হয়েছে । আজ প্রথম ম্যাচে বিপক্ষ ছিল দিল্লী পাবলিক স্কুল ।

দিনের দ্বিতীয় খেলায় সূর্য্যকুমার হাইস্কুল ৩০ রানে মুর্শেদূল আলম চৌধুরী মেমোরিয়াল সিনিয়র সেকেন্ডারী স্কুলকে পরাজিত করে ।
দিনের তৃতীয় খেলায় নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ১০ উইকেটে অধরচাঁন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে এবং দিনের চর্তুথ খেলায় এস টি থমাস হাইস্কুল ৮৩ রানে পাবলিক স্কুলকে পরাজিত করে ।

---

আসাম-মিজোরামের মধ্যের ১৬৪ দশমিক চার কিলোমিটার দীর্ঘ অঞ্চলকে কেন্দ্র করে চলতে থাকা সীমা বিবাদ নিষ্পত্তির জন্য আগামী ২৫শে এপ্রিল গুয়াহাটিতে উভয় রাজ্যের মধ্যে আধিকারিক পর্যায়ের এক আলোচনা অনুষ্ঠিত হবে । মিজোরামের গৃহ সচিবের নেতৃত্বে সাত সদস্যের একটি দল এই আলোচনায় অংশ নিতে গুয়াহাটি আসবেন । এর আগে গত বছরের নয়ই আগস্ট আইজলে উভয় রাজ্যের মধ্যে মন্ত্রী পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হয়েছিল । এবং এই আলোচনায় উভয় পক্ষই বিবদমান অঞ্চলগুলিতে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার প্রতিশ্রুতি প্রদান করেছিল । উল্লেখ্য-আসামের-মিজোরাম সীমান্তের কাছাড় জেলা অংশের কিছু এলাকার সঙ্গে মিজোরামের সীমা বিবাদ রয়েছে ।

---

মণিপুর পুলিশ গত ২৪ ঘন্টায় থৌবাল , ইম্ফাল পূর্ব , ইম্ফাল পশ্চিম , টেনৌপাল , বিষ্ণুপুর ও জিরিবাম জেলায় অভিযান চালিয়ে বিভিন্ন সন্ত্রাসবাদী সংগঠনের ১৪ জন সদস্যকে গ্রেপ্তার করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে ইম্ফাল পূর্ব ও থৌবাল জেলা থেকে চারজন , টেনৌপাল জেলা থেকে ৩ জন ও ইম্ফাল পশ্চিম ও বিষ্ণুপুর ও জিরিবাম জেলা থেকে একজন সন্ত্রাসবাদীকে গ্রেপ্তার করা হয়েছে ।ধৃত সন্ত্রাসবাদীদের মধ্যে কয়েকজন কে সি পি , ইউ এন এল এফ ,প্রিপাক ও চোরেপা সংগঠনের সদস্য বলে জানা গেছে । পুলিশ সন্ত্রাসবাদীদের কাছ থেকে বৃহৎ পরিমানের অস্ত্র সস্ত্র , গুলাবারুদ , নগদ অর্থ ও আপত্তিজনক নথি পত্র উদ্ধার করেছে ।

---